দৈনিক ইত্তেফাক

তারিখ FEB. 1 1999
পৃষ্ঠা ৪ কলাম ৬

60

## উচ্চমাধ্যমিক শ্রেণীর ব্যবসায় শিক্ষা বিভাগের পাঠ্যক্রম

১৯৯৮-৯৯ শিক্ষা বর্ষে উচ্চ মাধ্যমিক শ্রেণীর ব্যবসায় শিক্ষা বিভাগে ভর্তিকৃত শিক্ষার্থীদের এই প্রথমবারের মত পাঠ্যক্রমের বিরাট পরিবর্তন হইয়াছে। পরিবর্তিত পাঠ্যক্রমে বাংলা, ইংরেজী আবশ্যিক বিষয় ছাড়া আরও দুইটি আবশ্যিক বিষয় ব্যবসায় নীতি ও প্রয়োগ এবং হিসাব বিজ্ঞান নিতে হইবে। নৈর্বাচনিক বিষয় হিসাবে ব্যবসায় উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা, অর্থায়ন উৎপাদন ও বিপণন, সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা, অর্থনীতি ও বাণিজ্যিক ভূগোল, কৃষি শিক্ষা, আরবী, পরিসংখ্যান সংস্কৃত পালি, ও কমপিউটার শিক্ষা ইত্যাদি বিষয়ের মধ্য হইতে একটি নৈর্বাচনিক এবং একটি ৪র্থ বিষয় হিসাবে শিক্ষার্থীরা নিতে পরিবে। কিন্তু দেখা যাইতেছে যে, দেশের কোন কলেজেই ব্যবসায় উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা, অর্থায়ন উৎপাদন ও বিপণন সাচিবিক বিদ্যা ও অফিস ব্যবস্থাপনা ইত্যাদি বিষয়ে শিক্ষাবোর্ড কর্তৃক কোন স্বীকৃতি নাই। আবার বোর্ডের স্বীকৃত না থাকায় ঐ সব বিষয় শিক্ষার্থীরা পড়িতে পারিবে না। এই শিক্ষাবর্ষে আমাদের কলেজে যখন ব্যবসায় শিক্ষা বিভাগে শিক্ষার্থীরা ভর্তি হইল, তখন আমাদের অধ্যক্ষ বোর্ডে যোগাযোগ করিলেন। বোর্ড কর্তৃপক্ষ জানাইলেন যে, ঐ সমস্ত বিষয়ে তাঁহাদের নিকট কোন নির্দেশ এমনকি কোন বিষয় কোডও আসে নাই। মোট কথা, এ সব বিষয়ে কী হইবে তাহাও তাহারা জানেন না। এখন আমাদের কলেজে ব্যবসায় শিক্ষার শিক্ষার্থীরা নৈর্বাচনিক বিষয় হিসাবে অর্থনীতি ও বাঃ ভূগোল নিলেও নির্দেশের অভাবে ৪র্থ বিষয় হিসাবে কোন বিষয় নিতে পারিতেছে না। শুধু আমাদের কলেজ নয়,আমার মনে হয় আরও অনেক কলেজে এ অবস্থা বিরাজ করিতেছে। ব্যবসায় শিক্ষার শিক্ষক হিসাবে আমি মনে করিয়াছিলাম হয়ত নূতন বিষয় সম্পর্কে কলেজে একটি নীতিমালা আসিবে। কিন্তু প্রায় ৩ মাস ক্লাস হইয়া গেল, ঐ নীতিমালা উচ্চ স্তর হইতে কলেজগুলিতে পৌঁছাইল না। সেজন্য আমাদের শিক্ষার্থীদের ৪র্থ বিষয় নেওয়া এখন অনিশ্চিত হইয়া দাঁড়াইয়াছে। আমি মনে করি ব্যবসায় উদ্যোগ ও ব্যবহারিক ব্যবস্থাপনা, অর্থায়ন উৎপাদন ও বিপণন বিষয় দুইটি আমরা যাহারা ব্যবস্থাপনা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করিয়াছি তাহারা পড়াইতে সক্ষম। কারণ ঐ সব বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রীধারী কেহ নাই। এমতাবস্থায়, সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট বিনীত আবেদন এই যে, সুষ্ঠুভাবে পাঠ্যক্রম পরিচালনার জন্য প্রয়োজনীয় নির্দেশ অতি সত্বর প্রতিটি কলেজে পাঠানো হউক।

শিব সুন্দর রায়,
প্রভাষক ব্যবস্থাপনা,
নওয়াবেঁকী মহাবিদ্যালয়,
শ্যামনগর, সাতক্ষীরা।